

ধানের বাদামি গাছফড়িং দমনে করণীয়

বাদামি গাছফড়িং ধানের মারাত্মক ক্ষতিকর পোকা। এটি অধিকাংশ কৃষকের কাছে কারেন্ট পোকা নামেও পরিচিত। এ পোকা ধানের সর্বোচ্চ কুশি পর্যায় থেকে দানা পুষ্ট হওয়া পর্যন্ত আক্রমণ করে থাকে। বাচ্চা এবং পূর্ণবয়স্ক পোকা গাছের গোড়ায় বসে রস শুষে খায়। আক্রান্ত ধানের ক্ষেত দূর থেকে বাজপড়ার মত বিক্ষিপ্ত ভাবে পুড়ে গেছে বলে মনে হয়। অতি উর্বর জমি, অতিরিক্ত নাইট্রোজেন সারের ব্যবহার, দাঁড়ানো পানি ও অতিরিক্ত কুশির কারণে গাছের গোড়ায় আলো-বাতাস প্রবেশ করতে পারে না। এতে পোকাকার দ্রুত বংশ বৃদ্ধি পায়। ফলে ক্ষতির লক্ষণ প্রকাশ পাওয়ার আগেই ধানের ব্যাপক ক্ষতি হয়ে যায়।

এ পোকাকার হাত থেকে ধান ফসল রক্ষার জন্য-

- নিয়মিত মাঠ পরিদর্শনের মাধ্যমে ধান ক্ষেতে পোকাকার উপস্থিতি সনাক্ত করুন।
- আলোক ফাঁদ ব্যবহার করুন।
- অতিরিক্ত ইউরিয়া সারের ব্যবহার পরিহার করুন।
- আক্রান্ত জমিতে ইউরিয়া সারের উপরি প্রয়োগ সাময়িকভাবে বন্ধ রাখুন।
- জমি থেকে পানি নিষ্কাশন করুন।
- ধান ক্ষেতে ৪-৫ লাইন পর পর ফাঁড়ি দিন।
- এ পোকাকার আক্রমণ শুরু হলে গ্রামের সব কৃষক মিলে জরুরি ভিত্তিতে দমনের ব্যবস্থা গ্রহণ করুন।
- পোকাকার আক্রমণ অর্থনৈতিক ক্ষতির দ্বারপ্রান্তে পৌঁছালে (চারটি ডিমওয়ালা পেট মোটা পূর্ণবয়স্ক স্ত্রী পোকা বা ১০টি বাচ্চা গাছফড়িং বা উভয়ই) নিম্নলিখিত তালিকার যেকোন একটি অনুমোদিত কীটনাশক সঠিক মাত্রায় ব্যবহার করুন। কীটনাশক অবশ্যই গাছের গোড়ায় প্রয়োগ করতে হবে।

কীটনাশক	
জেনেরিক নাম	প্রয়োগমাত্রা/হেক্টর
পাইমেট্রোজিন	৫০০ গ্রাম
থায়ামেথোক্সাম	৬০ গ্রাম
এমআইপিসি	১.৩ কেজি
ইমিডাক্লোপ্রিড	১২৫ এমএল
এবামেক্টিন	১.০ লিটার
এসিফেট	৭৫০ গ্রাম
এসিটামিপ্রিড	৫০ গ্রাম
কার্বোসালফান	১.০ লিটার
কার্টাপ	১.২ কেজি

প্রচারে :



কৃষি মন্ত্রণালয়